

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ এফ এম বিভাগ-১

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), এফ এম বিভাগ-১

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪২৩.৩২.০১৮.২৩ নথির বিষয়: Supply of necessary mechanical equipments, spare parts for repair and maintenance works under FM Division-1

নোট: ১ নোটের বিষয়: Supply of necessary mechanical equipments, spare parts for repair and maintenance works under FM Division-1

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ২৬/১১/২৩ ১২:০৮ অপরাহ্ন

এফ এম বিভাগ-১ এর আওতাধীন বর্তমানে ৬৩০টিরও অধিক গভীর নলকূপ চালু আছে। প্রতিদিনই প্রায় ২/৩ টি ব্রেক-ডাউন, পাম্প পরিবর্তন, লিকেজ মেরামত এবং আই,ডব্লিউ, এস প্রকল্প কর্তৃক নির্মিতব্য কূপে প্রয়োজনীয় মালামাল সরবরাহ করে কলাম পাইপ দ্বারা সাব-পাম্প সেট স্থাপন করা হয়ে থাকে যা অত্র বিভাগের দৈনন্দিন রক্ষণাবেক্ষণ কাজের আওতাভুক্ত। এ সকল কাজে প্রতিনিয়ত রাবার গ্যাসকিট, ক্যাবল গার্ড, এম এস নাট-বোল্ট এবং এম.এস ওয়াসার, ফেরুল, সকেট, প্লাস্টিক টেপ, রিডিউসার ইত্যাদি মালামাল প্রয়োজন হয়। ব্রেকডাউন কাজে ব্যবহৃত মালামাল পরিমাপ করার জন্য Weight Scale এর প্রয়োজন হয়ে থাকে কিন্তু বর্তমানে ব্যবহৃত Weight Scale টি নষ্ট হওয়ায় মালামাল পরিমাপের সমস্যা হচ্ছে বিধায় বিভাগীয় স্টোর এবং সাব স্টোরের জন্য ২টি Weight Scale প্রয়োজন। এছাড়া অত্র বিভাগের সাব স্টোর সেগুন বাগিচায় Seamless Column pipe Modification করার কাজে ব্যবহারের জন্য একটি ARC Industrial Wellding machine এবং defunct well sealing করার জন্য একটি Portable Wellding machine ধরা হয়েছে। উল্লেখিত মালামালের ঘাটতি দেখা দিলে এফ.এম বিভাগ-১ হতে ব্রেকডাউন কাজ, নতুন/প্রতিস্থাপিত কূপে পাম্প স্থাপন কাজ ব্যাঘাত ঘটানোর সম্ভাবনা থাকে। কাজেই যাবতীয় রক্ষণাবেক্ষণ কার্যাবলী স্বাভাবিক রাখার স্বার্থে প্রাক্কলনে উল্লেখিত মালামাল মজুদ থাকা আবশ্যিক। বর্তমানে ভান্ডার বিভাগে এবং বিভাগীয় ভান্ডারে মালামালের মজুদ অপ্রতুল। বিষয়ভুক্ত মালামাল সমূহ ক্রয় করে দেয়ার জন্য এফ.এম বিভাগ-১ এর বাৎসরিক চাহিদায় সংগ্রহ বিভাগ-১/২ কে চাহিদা প্রেরণ করা হয়েছে। সংগ্রহ বিভাগ হতে মালামাল সরবরাহের আগ পর্যন্ত এফ.এম বিভাগ-১ এর বিভাগীয় কার্যক্রম চলমান রাখার স্বার্থে এফ.এম বিভাগ-১ এর বাজেট হতে মালামাল সমূহ জরুরী ভিত্তিতে সংগ্রহ করে মজুদ রাখা প্রয়োজন। আলোচ্য মালামালের সরবরাহ টেকনিক্যাল স্পেসিফিকেশন অনুযায়ী নেয়া হবে। সেই প্রেক্ষিতে বিভাগীয় চাহিদার আলোকে পাম্প মোটর ব্রেক ডাউন কাজে ব্যবহৃত আলোচ্য মালামালসমূহ সংগ্রহ করার লক্ষ্যে রেট সিডিউলের দর ও বাজার দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যাতে টাকার পরিমাণ দাঁড়িয়েছে সর্বমোটঃ ৯,৯৫,০৪৩.০০/- (নয় লক্ষ পঁচানব্বই হাজার তেতাল্লিশ) টাকা মাত্র। আলোচ্য কাজটি অত্র বিভাগের ২০২৩-২০২৪ ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার সিরিয়াল নং-৬৫, এস-১ এ অন্তর্ভুক্ত আছে। যার অনুমোদনের ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আরপিইএন্ডএম সার্কেল) মহোদয়ের আওতাধীন।

সংযুক্তিসমূহ (৪):


- ১। অত্র বিভাগের ২০২৩-২০২৪ ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার সিরিয়াল নং-৬৫, এস-১.
- ২। টেকনিক্যাল স্পেসিফিকেশন।
- ৩। রেট সিডিউলের দর ও বাজার দরের কপি।
- ৪। আলোচ্য কাজের প্রাক্কলন ও প্রতিবেদন।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ২৬/১১/২৩ ১২:১৩ অপরাহ্ন


আলোচ্য ক্রয় কার্যক্রমটি পিপিআর-২০০৮ এর ৬১ বিধির উপ-বিধি ১ মোতাবেক Open Tender Method (e-GP) প্রক্রিয়ায় সম্পাদন করা হবে। আলোচ্য ক্রয় কার্যক্রমে Procuring Entity হিসেবে Executive Engineer, F.M Division-1, Dhaka WASA কে রাখা হয়েছে। উল্লেখ্য যে, আলোচ্য ক্রয় কাজের দরপত্র আহবান, চুক্তি বাস্তবায়ন কাজসমূহ Executive Engineer, F.M Division-1, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে এবং STD Form e- PG-2 এর ফরম্যাটের অনুসরণে আলোচ্য কাজের টেন্ডার ডকুমেন্ট তৈরি করা হবে।

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ২৬/১১/২৩ ১২:১৫ অপরাহ্ন

এমতাবস্থায় Supply of necessary mechanical equipments, spare parts for repair and maintenance works under FM Division-1 কাজের জন্য উপস্থাপিত সর্বমোটঃ ৯,৯৫,০৪৩.০০/- (নয় লক্ষ পঁচানব্বই হাজার তেতাল্লিশ) মাত্র টাকার প্রাক্কলনটি আর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদনসহ উম্মুক্ত দরপত্র পদ্ধতিতে OTM (e-GP) তে দরপত্র আহবানের সদয় অনুমোদন দেয়া যেতে পারে।



২৬/১১/২৩ ১২:২০ অপরাহ্ন
মোঃ আবুল হোসেন
উপ-সহকারী প্রকৌশলী
এফ এম বিভাগ-১



২৬/১১/২৩ ১২:২৫ অপরাহ্ন
মোঃ গোলাম মোস্তফা
সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
এফ এম বিভাগ-১



২৬/১১/২৩ ১:২৬ অপরাহ্ন
সুজন চন্দ্র বর্মণ
নির্বাহী প্রকৌশলী
এফ এম বিভাগ-১



২৬/১১/২৩ ১:২৬ অপরাহ্ন
মোঃ আঃ লতিফ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
আর পি ই এন্ড এম সার্কেল

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ২৬/১১/২৩ ২:২১ অপরাহ্ন


অনুমোদিত।




২৬/১১/২৩ ২:২১ অপরাহ্ন
মোঃ আঃ লতিফ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
আর পি ই এন্ড এম সার্কেল



২৬/১১/২৩ ২:৪৭ অপরাহ্ন
সুজন চন্দ্র বর্মণ
নির্বাহী প্রকৌশলী
এফ এম বিভাগ-১



২৬/১১/২৩ ৩:০৭ অপরাহ্ন
মোঃ গোলাম মোস্তফা
সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
এফ এম বিভাগ-১



২৬/১১/২৩ ৩:৩৬ অপরাহ্ন
মোঃ আবুল হোসেন
উপ-সহকারী প্রকৌশলী
এফ এম বিভাগ-১